



INDEPENDENT AGENCY FOR
ACCREDITATION AND RATING

MEMORANDUM OF UNDERSTANDING

between

Bangladesh Accreditation Council, Bangladesh

And

the Independent Agency for Accreditation and Rating (IAAR), Kazakhstan

The Independent Agency for Accreditation and Rating (IAAR): IAAR একটি স্বাধীন Accreditation প্রদানকারী আন্তর্জাতিক সংস্থা যা কাজাখস্তান এবং অন্যান্য দেশে আন্তর্জাতিকভাবে শিক্ষামূলক অধ্যয়ন এবং প্রোগ্রামগুলিতে স্বীকৃতি পরিষেবা প্রদান করে থাকে। এই সংস্থা শিক্ষার গুণগতমানের নিশ্চয়তার জন্য ২০১১ সালে প্রতিষ্ঠিত হয়।

Memorandum of Understanding (MoU): ৩০ জুন ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখ বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল এবং কাজাখস্তানের Independent Agency for Accreditation and Rating (IAAR) মধ্যে একটি Memorandum of Understanding (MoU) বা সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের পক্ষে চেয়ারম্যান Professor Dr. Mesbahuddin Ahmed এবং IAAR এর পক্ষে General Director Dr. Zhumagulova Alina (Kazakhstan) সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন। সমঝোতা স্মারকের মাধ্যমে বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের সক্ষমতা বৃদ্ধি পাবে এবং কাউন্সিলের কার্যক্রম পরিচালনা ও আন্তর্জাতিক স্বীকৃতি অর্জন সহজতর হবে। স্বাক্ষরিত সমঝোতা স্মারকে সুনির্দিষ্টভাবে নিম্নবর্ণিত ক্ষেত্রসমূহে সহযোগিতা বৃদ্ধির লক্ষ্য নির্ধারণ করা হয়েছে:

- উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানের মূল্যায়ন এবং স্বীকৃতির ক্ষেত্রে অভিজ্ঞতা অর্জন।
- নির্বাচিত কোয়ালিটি অ্যাসুরেন্স (কিউএ) প্রফেশনালস্ বিনিময় এবং তাঁদের প্রশিক্ষণ।
- কোয়ালিটি অ্যাসুরেন্স ও এর উন্নয়নে অংশগ্রহণের সুযোগ সৃষ্টিকরণ।
- পরস্পরের কোয়ালিটি অ্যাসুরেন্স প্রক্রিয়াগুলো পর্যবেক্ষণ এবং গুণমান উন্নয়ন কার্যক্রম গ্রহণের লক্ষ্যে ওয়ার্কশপ আয়োজন।
- উচ্চ শিক্ষার গুণমান নিশ্চিতকরণ, উন্নয়ন এবং স্বীকৃতি সম্পর্কিত বিষয়ে তথ্য এবং মত বিনিময়।
- উচ্চ শিক্ষার গুণমান নিশ্চিতকরণ, উন্নয়ন এবং স্বীকৃতি সম্পর্কিত বিষয়ে প্রযুক্তিগত সহায়তা প্রদান।
- উচ্চ শিক্ষার গুণমান নিশ্চিতকরণ, উন্নয়ন এবং স্বীকৃতি সংক্রান্ত বিষয়ে আন্তর্জাতিক সম্মেলন/সেমিনার আয়োজনে সহায়তা প্রদান।